

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮০৪

২٩/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫৫. প্রশংসাকারীদের ফ্যীলাত

بَابِ فَضْلِ الْحَامِدِينَ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ مُوسَى بْنِ عُبَيْدَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ ثَابِتٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - كَانَ يَقُولُ " الْحَمْدُ لِلَّهِ عَلَى كُلِّ حَالٍ رَبِّ أَعُوذُ بِكَ مِنْ حَالٍ أَهْلِ النَّارِ " .

বাংলা

৫/৩৮০৪। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ ''আলহামদু লিললাহি আলা কুল্লি হাল, রব্বি আউযুবিকা মিন হালি আহলিন নার'' (সর্বাবস্থায় সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, হে আমার প্রতিপালক! আমি আপনার নিকট জাহান্নামীদের অবস্থা থেকে আশ্রয় প্রার্থনা করি)।

English

It was narratd from Abu Hurairah that:

the Prophet () used to say: "Al-hamdu lillahi 'ala kulli hal. Rabbi a'udhu bika min hali ahlin-nar (Praise is to Allah in all circumstances, O Allah, I seek refuge with You from the situation of the people of Hell)."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ২৬৫। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুসা বিন উবায়দাহ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনার ক্ষেত্রে নির্ভরযোগ্য নয়। ইমাম তিরমিযি বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ছিলেন। আবু মুহাম্মাদ বিন হাযম বলেন, তিনি দুর্বল। ২. মুহাম্মাদ বিন সাবিত সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা



অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তার মাঝে জাহালাত রয়েছে। ইয়াহইয়া বিন মাঈন বলেন, আমি তাকে চিনি না। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫১০৫, ২৪/৫৫৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন